**2025/FYUG/ODD/SEM/**
**BNGDSC–302T/030**

# FYUG Odd Semester Exam., 2025

## BENGALI

**( 5th Semester )**

Course No. : BNGDSC–302T

**( বাংলা জীবনী ও আত্মকথা )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

**একক—১**

১। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) বাংলায় লেখা যে কোনো দুটি জীবনীগ্রন্থের নাম লেখো।

(খ) দুটি স্মৃতিকথা গ্রন্থের নাম লেখো।

(গ) ডায়েরির দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) জীবনী এবং আত্মজীবনীর মধ্যে তুলনামূলক আলোচনা করো।

(খ) জীবনী কাকে বলে? জীবনীর কয়েকটি বৈশিষ্ট্য আলোচনা করো।

## একক—২

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'অজানা অচেনা বিবেকানন্দ' গ্রন্থটি কবে প্রকাশিত হয়? গ্রন্থটি লেখক কাকে উৎসর্গ করেছেন?

(খ) বিবেকানন্দের পিতা ও মাতার নাম কী?

(গ) বিবেকানন্দের আসল নাম কী? তাঁর নঠাকুরদাদা, গোপাল দত্ত বিবেকানন্দকে কী বলে ডাকতেন?

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) স্বামী বিবেকানন্দের জীবনে মাতা ভুবনেশ্বরী দেবীর ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'সন্ন্যাসী ও গর্ভধারিণী' অংশে উল্লিখিত বিবেকানন্দের কঠোর জীবনসংগ্রামের কাহিনিটি সংক্ষেপে লিপিবদ্ধ করো।

## একক—৩

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'আশার ছলনে ভুলি' গ্রন্থটি লেখক কাদের উৎসর্গ করেছেন?

(খ) মাইকেল মধুসূদনের লেখা দুটি নাটকের নাম লেখো।

(গ) গোলাম মুরশিদের গ্রন্থে উল্লিখিত যে কোনো দুজন মাইকেল জীবনীকারের নাম উল্লেখ করো।



সত্য প্রকাশ ত্যাগ ধর্মনিষ্ঠা

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'জননীর ক্রোড়ে নীড়ে' অংশে বর্ণিত মধুসূদন দত্তের শৈশব জীবনে মাতা-পিতার ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'আশার ছলনে ভুলি' গ্রন্থের 'জননীর ক্রোড়ে নীড়ে' পাঠ্যাংশ অবলম্বনে মধুসূদনের শিক্ষাজীবন সম্পর্কে আলোচনা করো।

## একক—৪

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) রাসসুন্দরী দাসীর জন্ম কবে ও কোথায় হয়েছিল?

(খ) 'আমার জীবন' গ্রন্থটির প্রকাশকাল কত? এই গ্রন্থের ভূমিকা অংশটি কে লিখে দিয়েছিলেন?

(গ) 'আমার জীবন' গ্রন্থটির কয়টি ভাগ? প্রথম ভাগে কয়টি রচনা রয়েছে?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'আমার জীবন' আত্মজীবনী গ্রন্থে প্রতিফলিত তৎকালীন. সমাজের বাস্তবচিত্র সংক্ষেপে লিপিবদ্ধ করো।

(খ) আত্মজীবনী হিসাবে 'আমার জীবন' গ্রন্থের সার্থকতা আলোচনা করো।

## একক—৫

৯। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) পণ্ডিত শিবনাথ শাস্ত্রীর লেখা আত্মজীবনী গ্রন্থটির নাম কী? এর প্রথম প্রকাশকাল উল্লেখ করো।

(খ) শিবনাথ শাস্ত্রীর জন্মসাল কত? তাঁর একজন ব্রাহ্মবন্ধুর নাম উল্লেখ করো।

(গ) শিবনাথ শাস্ত্রীর লেখা যে কোনো দুটি গ্রন্থের নাম লেখো ('আত্মচরিত' ব্যতীত)।

১০। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) উনিশ শতকে নারী শিক্ষা প্রসারে শিবনাথ শাস্ত্রীর অবদান আলোচনা করো।

(খ) শিবনাথ শাস্ত্রীর আত্মজীবনী গ্রন্থটি একাধারে সাহিত্য ও ঐতিহাসিক দলিল—মন্তব্যটি পর্যালোচনা করো।

★★★